

# পে-চেক প্রোটেকশন প্রোগ্রাম (পি পি পি)

**বিঃ** বেশিরভাগ ব্যাংক বর্তমানে তহবিল স্বল্পতার সমস্যার কারণে পি পি পি এর আবেদনগুলি গ্রহণ করছে না। পি পি পি এর তহবিল পুনরায় শুরু হলে আমরা সেই অনুযায়ী তথ্য হালনাগাদ করব।

পে-চেক প্রোটেকশন প্রোগ্রাম (পিপিপি) ক্ষুদ্র ব্যবসায়ীদের তহবিল সরবরাহ করে কর্মচারীদের বেতন ও ভাতা, মর্টগেজের সুদ, দোকান ভাড়া, ইউটিলিটি বিলসমূহ সহ চলমান ব্যয়সমূহ চালিয়ে নিতে সহায়তা করার জন্য। পি পি পি এর লক্ষ্য হলো ক্ষুদ্র ব্যবসায়ীদের তাদের কর্মীদের বেতনভিত্তিতে রাখতে সহায়তা করা। পি পি পি তহবিলটি আগে আসলে আগে পাবেন ভিত্তিতে দেওয়া হয়। **যত তাড়াতাড়ি সম্ভব আবেদন করুন।** আপনি যদি কিছু শর্ত পূরণ করেন, তবে আপনাকে এই ঋণের তহবিলটি ফেরত দিতে নাও হতে পারে (বিস্তারিত নীচে দেখুন)।

## কে আবেদন করার যোগ্য হবে?

ক্ষুদ্র ব্যবসা (৫০০ এর কম কর্মচারী) এবং একমাত্র মালিকানাধীন যা ১৫ই ফেব্রুয়ারী, ২০২০ এর আগে থেকে চালু ছিল এবং যাদের একটি ব্যবসার ট্যাক্স আইডি রয়েছে। **অভিবাসী ব্যবসায়ীরা যারা এই যোগ্যতার শর্তাবলী পূরণ করে তারা আবেদন করার যোগ্য।** এছাড়া, আরও যারা যোগ্য তারা হলো স্বতন্ত্র ঠিকাদাররা, অলাভজনক সংস্থাসমূহ, প্রবীণ সংস্থাসমূহ এবং উপজাতীয় ব্যবসা সমুদয়।

## কখন ও কিভাবে আবেদন করব?

ছোট ব্যবসায়ের জন্য আবেদনগুলি এপ্রিল ৩, ২০২০ এ খোলা হয়েছে। স্বতন্ত্র ঠিকাদারদের জন্য আবেদনগুলি এপ্রিল ১০, ২০২০ এ খোলা হবে।

আপনি এস বি এ-অনুমোদিত একটি ঋণদাতা সংস্থার মাধ্যমে আবেদন জমা দিতে পারেন। আপনার ব্যবসায়িক একাউন্ট যে ব্যাংকে রয়েছে তাদের সাথে যোগাযোগ করুন এবং দেখুন তারা এস বি এ-অনুমোদিত ঋণদাতা কিনা অথবা তা অনুসন্ধান করার জন্য এই ওয়েবসাইট ভিজিট করুনঃ <https://www.sba.gov/paycheckprotection/find> আপনার যদি বর্তমানে কোনও ব্যাংকের সাথে একটি ব্যবসায়িক অ্যাকাউন্ট না থাকে, উপরের লিঙ্কে একটি অনুমোদিত ঋণদাতা সংস্থার সন্ধান করুন এবং তাদের সাথে যোগাযোগ করে জানুন আপনি কোনও নতুন ব্যবসায়িক অ্যাকাউন্ট খুলতে এবং পি পি পি-র জন্য আবেদন করতে পারবেন কিনা।

## আবেদন করতে আমার কি কি লাগবে?

পি পি পি আবেদনপত্রসহ আপনাকে সম্ভবত অতিরিক্ত নথিপত্র জমা দিতে হবে (**ঋণদাতা সংস্থার পৃথক পৃথক নথিপত্রের প্রয়োজন হতে পারে**)। পি পি পি তহবিলের জন্য যোগ্য হতে হলে আপনাকে আয়ের ক্ষতির প্রমাণ দেখাতে হবে না। নিম্নোক্ত নথিপত্রসমূহ ঋণদাতারা অনুরোধ করতে পারেনঃ

- ব্যবসা এবং ব্যক্তিগত করে রিটার্ন (১-৩ বছর)
- ২০২০ সালের অন্তর্বর্তীকালীন আর্থিক বিবরণী
- বেতনের তথ্যঃ আই আর এস এর ৯৪০, ৯৪১ ফর্মগুলি, ডাব্লু-৩, এবং/বা বেতনের সংক্ষিপ্ত বিবরণ
- ব্যবসায়িক সম্পত্তির মর্টগেজের বিবৃতি বা ইজারা চুক্তিনামা এবং ব্যবসা প্রতিষ্ঠানের ইউটিলিটি বিলসমূহ
- এস বি এ এর ব্যক্তিগত আর্থিক বিবৃতি (এস বি এ ফর্ম-৪১৩)

## কোন প্রশ্ন আছে?

আপনি যদি একজন অভিবাসী ক্ষুদ্র ব্যবসায়ের মালিক হন বা পি পি পি এবং অভিবাসন সম্পর্কে প্রশ্ন থাকে তবে গ্লোবাল ডেট্রয়েট সাহায্য করতে সক্ষম হতে পারেন। আমাদের কল বা ইমেল করুনঃ

(৩১৩) ৬৭৬-৯৯০৫

[info@globaldetroitmi.org](mailto:info@globaldetroitmi.org)

## কত তহবিলের জন্য আবেদন করা যাবে?

সর্বাধিক ঋণের পরিমাণ হবে আপনার **কর্মচারীদের মাসিক বেতন ব্যয়ের গড়ের আড়াই (২.৫) গুন বেশি** (১০ মিলিয়নের বেশি নয়)। বেতনের ব্যয়ে যা অন্তর্ভুক্তঃ

- অভিবাসীসহ মার্কিন যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন এমন কর্মীদের বেতন, মজুরি, কমিশন
- নগদ টিপ বা সমমানের অর্থ প্রদান
- অবকাশাণন, মাতৃ-পিতৃকালীন, পারিবারিক, মেডিকেল বা অসুস্থতার ছুটিসমূহের অর্থ প্রদান
- কর্মচারীদের চাকুরী থেকে বরখাস্ত বা সাময়িক ছুটির জন্য প্রদত্ত ভাতা
- সমন্বিত স্বাস্থ্যসেবা সুবিধার জন্য বীমার মূল এবং অবসরকালীন ভাতার জন্য প্রদত্ত অর্থ
- রাষ্ট্র বা স্থানীয় কর প্রদানের অর্থ

## ঋণমুক্তি ও স্থগিতাদেশ

ঋণের অর্থ পরিশোধের সময় কমপক্ষে ছয় মাস, এবং সর্বোচ্চ এক বছর পর্যন্ত পিছিয়ে দেওয়া হবে। আপনি আপনার ঋণদাতা সংস্থার কাছে লিখিতভাবে আবেদন করতে পারেন আপনার ঋণের অর্থ ক্ষমা করে দেওয়ার জন্য (আপনাকে এই ঋণকৃত অর্থ ফেরত দিতে হবে না) যদিঃ

- আপনি যদি কমপক্ষে তহবিলটির ৭৫% কর্মীদের বেতনবাবদ এবং বাকিটা ইউটিলিটি বিলসমূহ, মর্টগেজ, দোকান ভাড়া, ঋণের সুদের উপর বা অন্যান্য ভাতা বাবদ ব্যয় করে থাকেন।
- ঋণ গ্রহণকালীন সময় আপনি যে কর্মীদের ছাঁটাই করা হয়েছিল আপনি ৩০ জুন, ২০২০ এর মধ্যে তাদের পুনরায় বহাল করা হয়েছিল এবং আপনি ২৫% এর চেয়ে বেশি কর্মীদের ছাঁটাই করেননি।

## আপনি আবেদন করার পর

আপনি একটি **এস বি এ ট্র্যাকিং নম্বর** পাবার পর আপনার আবেদনপত্রটি অনুমোদিত হবার সারিতে থাকবে। এরপর, এস বি এ আপনার ব্যাংকটিকে একটি ঋণ অনুমোদন আদেশ দিবে, এবং ব্যাংকটি আপনাকে তহবিল বিতরণ করবে। স্বভাবত, এই প্রক্রিয়া সম্পন্ন হতে মাত্র কয়েক সপ্তাহ সময় লাগবে।

## অন্যান্য সহযোগিতামূলক তথ্য সম্পদসমূহ

এই ডকুমেন্টের হালনাগাদ তথ্য পেতে এবং কোভিড-১৯ সম্বন্ধীয়ও বিষয়ে আরও জানতে ভিজিট করুন [globaldetroitmi.org/covid19](http://globaldetroitmi.org/covid19)



এই ডকুমেন্টের তথ্যসমূহ আমাদের দক্ষতার সেরাটি দিয়ে যাচাই করা হয়েছে তবে তা কর বা আইনী পরামর্শ হিসাবে বিবেচনা করা উচিত নয়। কোনও পদক্ষেপ নেওয়ার পূর্বে একজন অ্যাকাউন্টেন্ট এবং/অথবা আইনজীবীর সাথে পরামর্শ নেবার জন্য আমরা আপনাকে খুব বেশি সুপারিশ করি। গ্লোবাল ডেট্রয়েট গ্যারান্টি দিতে পারে না যে আমাদের সেরা প্রচেষ্টা দেওয়া সত্ত্বেও এই ডকুমেন্টটিতে কোনও ভুল বা ত্রুটি নেই এবং দ্রুত পরিবর্তন হওয়া বর্তমান পরিস্থিতিতে, প্রকাশের সময়ের পরে কোনও পরিবর্তনগুলি ঘটতে পারে যা এই নথির তথ্যের যথার্থতার উপর প্রভাব ফেলতে পারে। এই ডকুমেন্টটি সর্বশেষ হালনাগাদ করা হয়েছে ১৭ এপ্রিল, ২০২০।